"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.০৬৬.০১.১২২.১৬-৩২

তারিখ: ২৬ মাঘ, ১৪২৬ ব.
০৯ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি.

বিষয়: দিনাজপুর জেলার ঘোড়াঘাট উপজেলাধীন দেওগাঁ রহমানিয়া সিনিয়র মাদ্রাসা নিরীক্ষা প্রতিবেদনের ১৫ (জ) অনুচ্ছেদ বর্ণিত DIA কর্তৃক আরবী বিষয়ের প্রভাষক জনাব আরিফুল ইসলামের বিরুদ্ধে আনিত আপত্তি হতে অব্যাহতি প্রদান।

সূত্র: ১। টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৬৬.০১.১২২.১৬-২২১, তারিখ: ১৮.১১.২০১৯ খ্রি.।
২। জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর এর স্মারক নং-০৫.৫৫.২৭০০.০১০.০৩.০০৯.১৯-৫৯০, তারিখ: ০৮.১২.২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার ঘোড়াঘাট উপজেলাধীন দেওগাঁ রহমানিয়া সিনিয়র মাদ্রাসা নিরীক্ষা প্রতিবেদনের ১৫ (জ) অনুচ্ছেদ বর্ণিত DIA কর্তৃক দেওগাঁ রহমানিয়া সিনিয়র মাদ্রাসার আরবী বিষয়ের প্রভাষক জনাব আরিফুল ইসলামের বিরুদ্ধে ডিআইএ কর্তৃক উত্থাপিত আপত্তি এবং এ সংক্রান্তে বিষয়ে প্রতিষ্ঠান প্রধানের জবাব ও DG, DME কর্তৃক প্রেরিত BSR এর তথ্যের মধ্যে গড়মিল থাকায় ডিআইএ এর ২৪৫১/৬ স্মারক(তারিখ ০১.১১.১৫ খ্রি.) মূলে উত্থাপিত অডিট আপত্তির স্বপক্ষে মতামতসহ প্রমাণক প্রেরণের জন্য পরিচালক, ডিআইএ কে পত্র(স্মারক ৮২, তারিখ ১১.১১.১৮ খ্রি.) প্রেরণ করা হয়। টিএমইডির উক্ত পত্রের প্রেক্ষিতে পরিচালক, ডিআইএ কর্তৃক যে মতামত দেয়া হয়েছে তা নিম্নরূপ-

"দেওগাঁ রহমানিয়া সিনিয়র মাদ্রাসাটি সাবেক শিক্ষা পরিদর্শন জনাব আবুল কালাম আজাদ ও সাবেক সহ: শিক্ষা পরিদর্শক জনাব শ্যামা প্রসাদ সাহা পরিদর্শন ও নিরীক্ষা করেন। তাদের দাখিলকৃত প্রতিবেদন এর স্মারক নং-ডিআইএ/দিনাজপুর/৪এম-১১২/রাজ: ২৪৫১, তারিখ: ০১/১১/২০১৫ বরাতে মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়। সূত্রোক্ত স্মারকে উক্ত প্রতিবেদনের ১৫(জ) অনুচ্ছেদ সম্পর্কে মতামত চাওয়া হয়। এর প্রেক্ষিতে উক্ত মাদ্রাসার আরবী প্রভাষক জনাব আরিফুল ইসলামের নিয়োগ সম্পর্কে পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের ১৫(জ) অনুচ্ছেদ সম্পর্কে পরিদর্শন কর্মকর্তাদ্বয়ের স্বব্যাখ্যাত মতামত প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হইল"।

০২. ডিআইএর শিক্ষা পরিদর্শক (১) জনাব আবুল কালাম আজাদ এবং (২) সহকারী শিক্ষা পরিদর্শক জনাব শ্যামা প্রসাদ সাহা কর্তৃক এ বিষয়ে যে মতামত দেয়া হয়েছে তা নিম্নরূপ :

"আমরা নিম্ন স্বাক্ষরকারীগণ গত ০১/০৪/১৫ তারিখে বর্ণিত প্রতিষ্ঠানটি (দেওগাঁ রহমানিয়া সিনিয়র মাদ্রাসা, ঘোড়াঘাট, দিনাজপুর) সরেজমিনে পরিদর্শন ও নিরীক্ষা করি এবং তদানুযায়ী প্রামাণিক রেকর্ডপত্রসহ প্রতিবেদন দাখিল করি। দাখিলকৃত প্রতিবেদনের ১৫(জ) অনুচ্ছেদে উল্লেখিত সুপারিশটি যথাযথ রয়েছে)"

এখানে উল্লেখ্য, যে শিক্ষা পরিদর্শক এবং সহকারী শিক্ষা পরিদর্শক এর মতামতে উল্লেখিত আপত্তিটির সমর্থনে কোন প্রমাণক তথ্যসহ প্রমাণক দেয়া হয়নি।

০৩. অধিকন্তু পরিচালক ডিআইএ পরিদর্শক ও সহকারী পরিচালকের মতামতের সাথে একমত পোষণ না করে মতামতকে স্বব্যাখ্যাত উল্লেখ করা হয়েছে।

এখানে আরও উল্লেখ্য যে, আলোচ্য প্রতিষ্ঠানের আরবী প্রভাষক জনাব আরিফুল ইসলামের নিয়োগ বিষয়ে (নিয়োগ পরীক্ষার খাতার টপশিট পরিবর্তন সংক্রান্ত অভিযোগ) উক্ত মাদ্রাসার পরিচালনা কমিটির সভাপতি ও প্রতিষ্ঠান প্রধান, এমনকি নিয়োগ প্রক্রিয়াধীন অপর ব্যক্তি জনাব আব্দুল মান্নান (যার স্বার্থক্ষুন্ন হয়েছে মর্মে আপত্তি উত্থাপিত) কর্তৃক এ বিষয়ে কোন আপত্তি আজওবধি উত্থাপিত হয়নি। অধিকন্তু টিএমইডির সূত্রোস্থ ১ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী জেলা প্রশাসক দিনাজপুর, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঘোড়াঘাট, দিনাজপুর এর মাধ্যমে সম্পন্ন হওয়া তদন্ত প্রতিবেদনে সূত্রোস্থ ২ নং স্মারকমতে যে মতামত ব্যক্ত করা হয়েছে, তা নিম্নরূপ:

"ঘোড়াঘাট উপজেলার দেওগাঁ রহমানিয়া সিনিয়র মাদ্রাসার আরবী বিষয়ের প্রভাষক জনাব আরিফুল ইসলামের নিয়োগ সম্পর্কিত অডিট আপত্তির বিষয়ে ০৩/১২/২০১৯ তারিখে সরেজমিনে তদন্ত করা হয়। তদন্তকালে অধ্যক্ষ, দেওগাঁ রহমানিয়া সিনিয়র মাদ্রাসা প্রভাষক জনাব আরিফুল ইসলাম উপস্থিত ছিলেন। অধ্যক্ষ আফছার আলী তদন্তকালীন জানান যে, জনাব আরিফুল ইসলাম ও জনাব আব্দুল মান্নান এর উত্তরপত্র কোন প্রকার প্রতিস্থাপন করা হয়নি বা কোন প্রকার কারচুপির আশ্রয় গ্রহণ করা হয়নি। জনাব আরিফুল ইসলাম ও জনাব আব্দুল মান্নান এর নিয়োগ লিখিত পরীক্ষার খাতা নিম্ন স্বাক্ষরকারী পর্যবেক্ষণ করেন। অডিট আপত্তির কভার পেজ পরিবর্তনের বিষয়ে উভয়ের খাতা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হয়। পর্যবেক্ষণকালে নিয়োগ লিখিত পরীক্ষার খাতার কভার পেজের পরিবর্তন হয়নি মর্মে প্রতীয়মান হয়। "

চলমান পাতা/০২

০৪. যেহেতু উত্থাপিত আপত্তির সমর্থনে গ্রহণযোগ্য কোন প্রমানক ডিআইএ কর্তৃক দেয়া হয়নি, যেহেতু আপত্তির বিষয়ে(নিয়োগ পরীক্ষা বিষয়ে) স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তি জনাব আব্দুল মান্নান কর্তৃক আজোবধি কোন আপত্তি উত্থাপিত হয়নি এবং যেহেতু প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি, সভাপতি এবং প্রতিষ্ঠান প্রধান কর্তৃক আপত্তিটি সঠিক নয় মর্মে মতামত ব্যক্ত করা হয়েছে, অধিকন্তু জেলা প্রশাসক, দিনাজপুর(উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঘোড়াঘাট, দিনাজপুর এর মাধ্যমে) কর্তৃক সম্পন্ন হওয়া তদন্তের মাধ্যমে উত্থাপিত অভিযোগ সঠিক নয় মর্মে প্রমাণিত হয়েছে, সেহেতু ডিআইএ কর্তৃক উত্থাপিত আপত্তিটি (নিয়োগ পরীক্ষার খাতার টপশিট পরিবর্তন) সঠিক নয় মর্মে স্পষ্ট হয়।

০৫. এমতাবস্থায়, উপরিউক্ত মতে ডিআইএ কর্তৃক উত্থাপিত আপত্তিটি সঠিক না হওয়ায় আরবী বিষয়ের প্রভাষক জনাব আরিফুল ইসলামকে আপত্তি হতে অব্যাহতি প্রদান করা হলো। এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণক্রমে গৃহীত কার্যক্রমের তথ্য আগামি ২৩.০২.২০২০ খ্রি. তারিকের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

স্বা:

(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন : ৯৫৭৫২৭২

মহাপরিচালক,
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩/৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,
রমনা, ঢাকা।

নং-৫৭.০০.০০০০.০৬৬.০১.১২২.১৬-৩২

তারিখ: ২৬ মাঘ, ১৪২৬ ব.
০৯ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি.

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):**

০১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩/৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৩. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৫. সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬. সভাপতি, দেওগাঁ রহমানিয়া সিনিয়র মাদ্রাসা, ঘোড়াঘাট, দিনাজপুর।
০৭. অধ্যক্ষ, দেওগাঁ রহমানিয়া সিনিয়র মাদ্রাসা, ঘোড়াঘাট, দিনাজপুর।
০৮. অতি:সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৯. উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০-১১. অফিস কপি/ মাষ্টার কপি।

০৯.০২.২০
(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)